

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

বিধানসভা সংবাদ

স-৩২ ১৭  
আগরতলা, ২৬ মার্চ, ২০২৫

**২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রস্তাবিত  
বাজেটের উপর আলোচনায় ১০ জন বিধায়ক**

আজ বিধানসভা অধিবেশনে ২০২৫-২৬ অর্থবছরের জন্য পেশ করা ব্যয় বরাদ্দের উপর সাধারণ আলোচনায় ট্রেজারি বেঞ্চ এবং বিরোধী দলের ১০ জন সদস্য আলোচনায় অংশ নেন। ট্রেজারি বেঞ্চের সদস্য মাইলাফু মগ প্রস্তাবিত বাজেট সমর্থন জানিয়ে বলেন, এই বাজেট জনকল্যাণমুখী। বিধায়ক অন্তরা সরকার দেব প্রস্তাবিত বাজেট সমর্থন জানিয়ে মৎস্যচাষ, প্রাণীপালন, শিক্ষা, পর্যটন প্রভৃতি ক্ষেত্রে রাজ্য সরকারের পরিকল্পনা রূপায়ণের কথা উল্লেখ করেন। বিধায়ক সুশান্ত দেব বলেন, এই বাজেট জনগণের বাজেট ও ঐতিহাসিক বাজেট। রাজ্যকে অগ্রগতির দিকে নিয়ে যাওয়ার জন্যই এই বাজেট তৈরী করা হয়েছে। বিধায়ক চিত্তরঞ্জন দেববর্মা প্রস্তাবিত বাজেট সমর্থন জানিয়ে আশা প্রকাশ করেন সারা রাজ্যের উন্নয়নে আগামী বছরগুলিতে বাজেটে অর্থসংস্থানের পরিমাণ আরও বাড়বে। বিধায়ক জীতেন্দ্র মজুমদার কৃষিক্ষেত্র, স্বসহায়ক দল গঠন, এফপিও তৈরী করা প্রভৃতি বিষয়ে আলোচনা করেন। বাজেট সমর্থন জানিয়ে তিনি বলেন, বাজেটে জনগণের উপর কোন কর চাপানো হয়নি।

আগামী অর্থবছরের জন্য প্রস্তাবিত বাজেট সমর্থন জানিয়ে বিধায়ক কিশোর বর্মণ বলেন, এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে এবং বিভিন্ন প্রকল্প রূপায়ণ করা হচ্ছে। বিধায়ক স্বপ্না দেববর্মা প্রস্তাবিত বাজেটকে সমর্থন জানিয়ে মৎস্যচাষ, প্রাণীসম্পদ বিকাশ, টিটিএএডিসি'র উন্নয়নে রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টার কথা উল্লেখ করেন। বিধায়ক স্বপ্না দাস পাল বাজেট সমর্থন জানিয়ে আশা প্রকাশ করেন রাজ্য সরকারের বিভিন্ন পরিকল্পনা রূপায়ণের মাধ্যমে রাজ্যের জনগণ উপকৃত হবেন। বিধায়ক স্বপ্না দাস মজুমদার প্রস্তাবিত বাজেট সমর্থন জানিয়ে রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণের কথা তুলে ধরেন। ভারতীয় জাতীয় কংগ্রেসের বিধায়ক প্রস্তাবিত বাজেটের উপর আলোচনায় অংশ নিয়ে মাহারনী, চাকমাঘাট, মনু ব্যারেজ এর অসমাপ্ত কাজ শেষ করার আহ্বান জানান।

\*\*\*\*\*